গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
জেনারেল ম্যানেজার এর কার্যালয়
ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা-১০০০
ওয়েবসাইট : https://pliec.bdpost.gov.bd

নথি নং-১৪.৩১.০০০০.৬০৬.১১.০০১.১৮ (পার্ট-২)/১৫২৩ তারিখ: ২২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ / ০৫ মে ২০২৪ খ্রিস্টাব্দ

## নিয়োগপত্র

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এর ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্মারক নং-১৪.০০.০০০০.০০৬. ১১.০৩০.১৮. ১৬৬; তারিখ : ০৯/০৯/২০১৮ খ্রিঃ তদপ্রেক্ষিতে ডাক অধিদপ্তরের স্মারক ১৪.৩১.০০০০.০২৯.১১.০০১.১৯.২২৫, তারিখ: ০৫/০৫/২০১৯ খ্রিস্টাব্দ মূলে প্রাপ্ত ছাড়পত্র এবং ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল সার্কেল, ঢাকা এর স্মারক নং-১৪.৩১.০০০০.৬০৬.১১.০০১.১৮, তারিখ: ২১/০৭/২০১৯ খ্রিস্টাব্দ এর প্রেক্ষিতে নির্বাচন/বাছাই কমিটি কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত/সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীগণকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর **(গ্রেড-১৬)** টাকা-৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে ভাতাদিসহ জেনারেল ম্যানেজার এর কার্যালয়, ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকায় **"অফিস সহকারী কাম কম্পউটার মুদ্রাক্ষরিক"** এর শূন্য পদে নিয়োক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

| ক্রমিক নং | রোল নম্বর | পিতার নাম | মাতার নাম | নাম ও স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ১৫০০০৩৫৪ | মো: আবুল হোসেন চৌধুরী | নূরজাহান বেগম | জনাব মো: হাসান চৌধুরী<br>গ্রাম: বকচর, পো:-পিতাম্বর্দি বাজার<br>থানা-মতলব দক্ষিণ, জেলা- চাঁদপুর |
| ২. | ১৫০০০২০৩ | রফিজ উদ্দিন | মোছাঃ মিনা বেগম | জনাব মিজানুর রহমান<br>গ্রাম-বিবিরচর, ডাকঘর- বিবিরচর<br>থানা- নকলা, জেলা- শেরপুর। |
| ৩. | ১৫০০০৫৭৩ | আবুল খায়ের | সুরমা বেগম | জনাব আবুল কাশেম<br>গ্রাম: গোবিন্দপুর, পো: কুতুবের হাট<br>থানা: সেনবাগ, জেলা: নোয়াখালী |

**শর্তাবলী :**

১। প্রার্থীকে আগামী ০২/০৬/২০২৪ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে যোগদান করতে হবে। অন্যথায় এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

২। প্রার্থীকে যোগদানের সময় Online Applicant's Copy, শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য সকল যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত ফটোকপি, তিন কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি এবং লিখিত পরীক্ষার প্রবেশপত্র জমা প্রদান করতে হবে। সংশ্লিষ্ট কাগজপত্রসমূহের মূল কপি যোগদানের সময় আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে। উপস্থাপিত সনদপত্র/সনদপত্রসমূহ যোগদানের পূর্বে বা যোগদানের পর যে কোন সময় ভুয়া/অসত্য প্রমাণিত হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, যোগদানের সময় প্রার্থীর অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ (যদি থাকে) জমা দিতে হবে; অন্যথায় পরবর্তিতে তা আর জমা প্রদান করা যাবে না।

৩। প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র এবং ডোপ টেস্ট সনদ দাখিল করতে হবে। স্বাস্থ্যগত যোগ্যতা সংক্রান্ত প্রচলিত সরকারি সকল নিয়ম-কানুন এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৪। প্রার্থীকে যোগদানের সময় 'যৌতুক দেব না, যৌতুক নেব না' মর্মে ৩০০/- (টাকা তিন শত মাত্র) টাকা এর নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

৫। চাকরিতে যোগদানের ০১ (এক) মাসের মধ্যে প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন কার্য সম্পন্ন করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে বা বিরুপ মন্তব্য পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীকে চাকরিচ্যুত করা যাবে।

**(চলমান পাতা-০২)**

৬। প্রার্থীকে ০২(দুই) বছরের শিক্ষানবিশকাল অতিবাহিত করতে হবে। এই ০২(দুই) বছর শিক্ষানবিশকাল সন্তোষজনক হলে অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে তাকে চাকরিতে স্থায়ী করা হবে। যদি শিক্ষানবিশকাল সন্তোষজনক না হয় তবে চাকরি হতে অব্যাহতি দেয়া যাবে।

৭। এই নিয়োগাদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে প্রার্থীর চাকরি সংক্রান্ত বিষয়ে 'সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯', 'সরকারি চাকরি আইন, ২০১৮', পিও ম্যানুয়েল এর সংশ্লিষ্ট বিধির শর্তাদি, সরকারি প্রচলিত বিধি-বিধান ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে।

৮। পরবর্তীকালে প্রার্থীর কোন যোগ্যতার বা কাগজপত্রের ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে গরমিল পরিলক্ষিত হলে বা অসত্য তথ্য প্রদান করলে বা উল্লেখ্যযোগ্য (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে নিয়োগ বাতিল বল্যে গণ্য হবে।

৯। এই নিয়োগাদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ ডাক অধিদপ্তর, সরকারের আইন, বিধিমালা, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান/নির্দেশাবলী দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১০। এই নিয়োগপত্রে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে যথাযথ কর্তৃপক্ষ তা সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। চাকরিতে যোগদানের জন্য নিয়োগাদেশে বর্ণিত প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(কবির আহমেদ)
অতিরিক্ত জেনারেল ম্যানেজার
ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা
ফোন : ০২-৪১০৫২৩৭৪।

নথি নং-১৪.৩১.০০০০.৬০৬.১১.০০১.১৮ (পার্ট-২)

তারিখ: ২২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ মে ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জেনারেল ম্যানেজার, ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (ডাক), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৩। সকল কর্মকর্তা, জেনারেল ম্যানেজারের কার্যালয়, ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা।
৪। সিনিয়র পোস্টমাস্টার, ঢাকা জিপিও, ঢাকা।
৫। সুপারিনটেনডেন্ট (অফিস), জেনারেল ম্যানেজারের কার্যালয়, ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা।
৬। জনাব মো: হাসান চৌধুরী, পিতা- মো: আবুল হোসেন চৌধুরী, গ্রাম: বকচর, পো:-পিতাম্বর্দি বাজার, থানা-মতলব দক্ষিণ, জেলা- চাঁদপুর।
৭। জনাব মিজানুর রহমান, পিতা- রফিজ উদ্দিন, গ্রাম-বিবিরচর, ডাকঘর- বিবিরচর, থানা- নকলা, জেলা- শেরপুর ।
৮। জনাব আবুল কাশেম, পিতা: আবুল খায়ের, গ্রাম: গোবিন্দপুর, পো: কুতুবের হাট, থানা: সেনবাগ, জেলা: নোয়াখালী
৯-১৪। সংশ্লিষ্ট প্রার্থীগণের ব্যক্তিগত নথি/সার্ভিস বহি।
১৫। অফিস কপি।

(মোহা: আব্দুল হান্নান)
ডেপুটি জেনারেল ম্যানেজার
ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা
ফোন : ০২-৪১০৫২৩৭৬